দৈনিক ইত্তেফাক

৩/১১/২০০৩
তারিখ ...
পৃষ্ঠা ৩ ... কলাম ... ৩

শিক্ষকদের উদ্দেশে শিক্ষামন্ত্রী

# নিজেদের রাজনীতির সহিত ছাত্রদেরকে জড়াইবেন না

শিক্ষামন্ত্রী ডঃ ওসমান ফারুক নিজেদের রাজনীতির সহিত ছাত্রদেরকে না জড়াইবার জন্য শিক্ষকদের প্রতি আহবান জানাইয়াছেন, তিনি বলিয়াছেন, শিক্ষা-পরিবেশ উন্নত করিতে শিক্ষক, অভিভাবক এবং ছাত্রদেরকে একাত্ম হইয়া কাজ করিতে হইব। গত শনিবার ঢাকায় বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতি অয়োজিত সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতাকালে মন্ত্রী একথা বলেন।

(১৪শ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## শিক্ষকদের উদ্দেশে শিক্ষামন্ত্রী

(৩য় পৃঃ পর)

ড. ফারুক বলেন, বিগত সরকারের আমলে শিক্ষা বিভাগে পুঞ্জীভূত সমস্যা সমাধানে বর্তমান সরকার সচেষ্ট রহিয়াছে। মন্ত্রী সকলের সম্মিলিত প্রচেষ্টায় শিক্ষাঙ্গনের সমস্যা সমাধানের ওপর গুরুত্বারোপ করেন। সমিতির সভাপতি ড. এম এ সাত্তার মন্ডলের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে জহিরুদ্দিন স্বপন এম পি, পাট গবেষণা প্রতিষ্ঠানের মহাপরিচালক ড. এসএম ইলিয়াস, জনতা ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এ কে এম সাজেদুর রহমান, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠানের ড. আবুল কাশেম, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক কাওসার হোসেন, সমিতির সাধারণ সম্পাদক এ কে এম সিদ্দিক, প্রকৃচি নেতা কৃষিবিদ জাবেদ ইকরাল প্রমুখ বক্তৃতা করেন।